

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ১১. হযরত ইউসুফ (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## ইউসুফের সাক্ষী কে ছিলেন?

উপরের আলোচনায় ২৬নং আয়াতে আল্লাহ বলেছেন, 'ঐ মহিলার পরিবারের জনৈক ব্যক্তি وَشَهِدُ شَاهِدٌ مِّنْ أَهْلِهَ مَنْ أَهْلِهَ कान्य िम्मिं'- किन्छ कि क्षा कर वाक्नु कार्तात कि क्रू वमा राति। তবে ইবনু জারীর, আহমাদ, ত্বাবারাণী, হাকেম প্রমুখ হযরত আব্দুল্লাহ ইবনু আববাস (রাঃ) থেকে একটি হাদীছ বর্ণনা করেছেন, যেখানে বলা হয়েছে যে, আঠারটি শিশু দোলনায় থাকতে কথা বলেছিল। তন্মধ্যে 'ইউসুফের সাক্ষী' () হিসাবে একটি শিশুর কথা এসেছে। শায়খ আলবানী বলেন, হাদীছটি যঈফ।[20] কুরতুবী বলেন, উক্ত ব্যক্তি ছিলেন, গৃহস্বামী 'আযীযে মিছরের' সাথী তাঁর একান্ত পরামর্শদাতা দূরদর্শী জ্ঞানী ব্যক্তি। যিনি যুলায়খার চাচাতো ভাই ছিলেন। তিনি ইউসুফের জামা সম্মুখ থেকে বা পিছন থেকে ছেঁড়া কি-না প্রমাণ হিসাবে পেশ করার কথা বলেন (ইউসুফ ১২/২৬-২৮)। যদি দোলনার শিশু সাক্ষ্য দিত, তাহ'লে সেটা অলৌকিক ঘটনা হ'ত এবং সেটাই যথেষ্ট হ'ত। অন্য কোন প্রমাণের দরকার হতো না'।[21]

## ফুটনোট

- [20]. যঈফুল জামে' হা/৪৭৬২, ৪৭৭৫।
- [21]. তাফসীর কুরতুবী, ইউসুফ ২৬-২৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4328

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন